## ‘জুলাই শহিদ দিবস’ উপলক্ষে ১৬ জুলাই রাষ্ট্রীয় শোক পালন



সংগৃহীত ছবি

‘জুলাই শহিদ দিবস’ উপলক্ষে আগামীকাল বুধবার (১৬ জুলাই) সারাদেশে রাষ্ট্রীয় শোক পালন করবে সরকার। এ উপলক্ষে মঙ্গলবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদের স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়েছে, দিবসটি স্মরণে ১৬ জুলাই দেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সব সরকারি-বেসরকারি ভবনে এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে।

শহিদদের আত্মার মাগফিরাত কামনায় দেশের সব মসজিদে বিশেষ দোয়ার আয়োজন করা হয়েছে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানেও তাঁদের আত্মার শান্তির জন্য প্রার্থনা অনুষ্ঠিত হবে।

LENS ASIA